তিনি বলেন, আমরা চেষ্টা করি আর না করি। আমরা চাই আর না চাই বঙ্গবন্ধুকে বাংলাদেশের ইতিহাস থেকে আলাদা করা যাবে না। বঙ্গবন্ধু আর বাংলাদেশ সব সময় একসঙ্গে ছিল এবং একসঙ্গে থাকবে। বঙ্গবন্ধুকে বাংলাদেশের ইতিহাস থেকে মুছে ফেলার চেষ্টা হবে, ব্যর্থ চেষ্টা। বৃহস্পতিবার সচিবালয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী পালন উপলক্ষে এক প্রস্তুতি সভায় তিনি এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, আমরা যেটা করার চেষ্টা করছি সেটা হচ্ছে বঙ্গবন্ধুর প্রতি আমরা যে অন্যায় ও অবিচার করেছি তার কিছুটা প্রতিদান দেওয়ার চেষ্টা, বলা যেতে পারে পাপের প্রাশ্চিত্ত করার চেষ্টা। তিনি বলেন, আমাদেরকে বঙ্গবন্ধুর চিন্তার ফসলগুলো জনগণকে পৌঁছে দিতে হবে। বঙ্গবন্ধুর আইনগুলোর মাধ্যমে স্বাধীনতার ইতিহাস দেখার জিনিসটা কিন্তু আমাদের তুলে ধরতে হবে।

সভায় আইনমন্ত্রী আনিসুল হক জন্ম শতবার্ষিকীতে বঙ্গবন্ধুর আদর্শ, মানবিকতা, দেশপ্রেম এবং আইনের শাসন ও ন্যায় বিচারের প্রতি তার অগাধ বিশ্বাস ইত্যাদি গুণাবলী তুলে ধরে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করতে বলেন। এজন্য আইনমন্ত্রীর নেতৃত্বে একটি সুপারভাইজরি কমিটি সহ কয়েকটি সাব কমিটি গঠন করা হয়। সভায় আইনমন্ত্রী আনিসুল হক সভাপতিত্ব করেন। সভা পরিচালনা করেন লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সিনিয়র সচিব মোহাম্মদ শহিদুল হক। সভায় মন্ত্রণালয়ের সর্বস্তরের কর্মকর্তা ছাড়াও মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর ও সংস্থার প্রধানগণ উপস্থিত ছিলেন।

৩ জেলায় শিশুসহ তিনজনকে ধর্ষণের অভিযোগ

আরও তিন জেলায় ধর্ষণের চেষ্টা

● আলোকিত ডেস্ক

দেশের ছয় জেলায় ধর্ষণসহ ধর্ষণের চেষ্টার অভিযোগ উঠেছে। এর মধ্যে ধানমন্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে শিশু, মাদারীপুরের রাজৈরে তৃতীয় শ্রেণির এক মাদ্রাসাছাত্রী এবং না.গঞ্জ থেকে চাকরির প্রলোভনে কিশোরীকে ঢাকায় নিয়ে ধর্ষণের অভিযোগ রয়েছে। এছাড়াও কাউখালীতে স্কুলছাত্রী, নেত্রকোনায় শিশু ও ঝালকাঠিতে পঞ্চম শ্রেণির ছাত্রীকে ধর্ষণের চেষ্টার অভিযোগ রয়েছে। প্রতিনিধিদের পাঠানো খবর–

ঢাকা : ধানমন্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে সাড়ে ছয় বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বিডিনিউজ জানায়, পুলিশের রমনা বিভাগের অতিরিক্ত উপকমিশনার আবদুল্লাহিল কাফি বলেন, বৃহস্পতিবার দুপুরে গণস্বাস্থ্য নগর হাসপাতালের বাথরুমে শিশুটিকে ধর্ষণের অভিযোগে রায়হান নামের ওই হাসপাতালের এক ক্যান্টিন বয়কে গ্রেপ্তার করা হয়। ওই শিশুটির মা হাসপাতালের একজন সেবিকা। দুপুরে মেয়েটিকে কৌশলে বাথরুমে নিয়ে ধর্ষণ করলে তার রক্তক্ষরণ শুরু হয়। শিশুটির চিৎকারে হাসপাতালের লোকজন এগিয়ে এসে রায়হানকে আটক করে পুলিশে খবর দেয়। শিশুটিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ানস্টপ ক্রাইসিস সেন্টারে (ওসিসি) পাঠানো হয় বলে জানান পুলিশ কর্মকর্তা কাফি। এ ঘটনায় শিশুটির মা বাদী হয়ে ধানমন্ডি থানায় একটি মামলা করেছেন বলে জানান তিনি।

রাজৈর (মাদারীপুর) : মাদারীপুরের রাজৈর উপজেলার পূর্ব সরমঙ্গল গ্রামে তৃতীয় শ্রেণির এক মাদ্রাসাছাত্রীকে মুখে বেঁধে ধর্ষণের অভিযোগ উঠেছে একই এলাকার নূর হোসেন নামে এক ব্যক্তির বিরুদ্ধে। এ ঘটনায় নির্যাতিত ছাত্রীকে বৃহস্পতিবার প্রথমে রাজৈর ও সন্ধ্যায় মাদারীপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার পর থেকে পলাতক এরপর পৃষ্ঠা ১১ কলাম ৪

W:\05-07-19\Farhad\Farhad-2.doc p-12

তিন জেলায় শিশুসহ ৩ জনকে ধর্ষণের অভিযোগ

আরও তিন জেলায় ধর্ষণের চেষ্টা

আলোকিত ডেস্ক

দেশের ছয় জেলায় ধর্ষণসহ ধর্ষণের চেষ্টার অভিযোগ উঠেছে। এর মধ্যে ধানমন্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে শিশু, মাদারীপুরের রাজৈরে তৃতীয় শ্রেণির এক মাদ্রাসা ছাত্রী এবং না.গঞ্জ থেকে চাকুরীর প্রলোভনে কিশোরীকে ঢাকায়

নিয়ে ধর্ষণে অভিযোগ রয়েছে। এছাড়াও কাউখালীতে স্কুল ছাত্রী, নেত্রকোনায় শিশু ও ঝালকাঠিতে ৫ম শ্রেণীর ছাত্রীকে ধর্ষণের চেষ্টার অভিযোগ রয়েছে।–প্রতিনিধিদের খবর

ঢাকা: ধানমন্ডির গণস্বাস্থ্য নগর হাসপাতালে সাড়ে ছয় বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বিডিনিউজ জানায়, পুলিশের রমনা বিভাগের অতিরিক্ত উপ-কমিশনার আব্দুল্লাহিল কাফি বলেন, বৃহস্পতিবার দুপুরে গণস্বাস্থ্য নগর হাসপাতালের বাথরুমে শিশুটিকে ধর্ষণের অভিযোগে রায়হান নামের ওই হাসপাতালের এক ক্যান্টিন বয়কে গ্রেপ্তার করা হয়। ওই শিশুটির মা হাসপাতালের একজন সেবিকা। দুপুরে মেয়েটিকে কৌশলে বাথরুমে নিয়ে ধর্ষণ করলে তার রক্তক্ষরণ শুরু হয়। শিশুটির চিৎকারে হাসপাতালের লোকজন এগিয়ে এসে রায়হানকে আটক করে পুলিশে খবর দেয়। শিশুটিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে (ওসিসি) পাঠানো হয়েছে বলে জানান পুলিশ কর্মকর্তা কাফি। এ ঘটনায় শিশুটির মা বাদী হয়ে ধানমন্ডি থানায় একটি মামলা করেছেন বলে জানান তিনি।

রাজৈর (মাদারীপুর): মাদারীপুরের রাজৈর উপজেলার পূর্ব সরমঙ্গল গ্রামে তৃতীয় শ্রেণির এক মাদ্রাসা ছাত্রীকে মুখে বেধে ধর্ষণের অভিযোগ উঠেছে একই এলাকার নুর হোসেন নামে এক ব্যক্তির বিরুদ্ধে। এই ঘটনায় নির্যাতিত ছাত্রীকে বৃহস্পতিবার প্রথমে রাজৈর ও সন্ধ্যায় মাদারীপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার পর থেকে পলাতক রয়েছে অভিযুক্ত নুর হোসেন। বিষয়টি শালিস মিমাংশার নামে ধামাচাপা দেয়ার চেষ্টা করা হয়েছে বলেও অভিযোগ রয়েছে।

স্থানীয় ও হাসপাতাল সূত্রে জানা গেছে, রাজৈর থানার পূর্ব সরমঙ্গল গ্রামের মৃত রাজ্জাক মৃধার ছেলে নুর হোসেন (৪৫) একটি ভ্যান গ্যারেজের ভিতরে নিয়ে শিশুটির মুখ বেধে ধর্ষণ করে এবং ঘটনা কাউকে বললে মেরে ফেলার হুমকি দেয়। এরপরও শিশুটি নুর হোসেনের স্ত্রীকে জানায়। সেও শিশুটিকে হুমকি দেয় ঘটনাটি কাউকে না বলার জন্য। পরে স্থানীয় এক নারী শিশুটিকে অসুস্থ্য অবস্থায় দেখে জিজ্ঞাসা করলে শিশুটি পুরো বিষয় তাকে খুলে বলে। শিশুটির মা কিছুদিন আগে মারা গেছে। এদিকে গত সোমবার ঘটনা ঘটলেও বিষয়টি শালিস মিমাংশা করার নামে একটি মহল সময়ক্ষেপন করেছে বলে অভিযোগ শিশুটির বাবার। শিশুটির বাবা বলেন, আমার মেয়ের মুখে গামছা বেধে ধর্ষণ করেছে। পরে শালিস করে দিবে বলে এলাকার একটি মহল আমাকে হাসপাতালে আসতে দেয়নি। পুলিশকে জানাতেও নিষেধ করেছে। আমি এর সুষ্ঠ বিচার চাই।

ধর্ষিতা শিশুটি জানান, ওইদিন বৃষ্টি ছিলো। বৃষ্টির মধ্যেই ভ্যানের গ্যারেজে নিয়ে গামছা দিয়ে মুখ বেধে আমার সঙ্গে খারাপ কাজ করছে। কারও কাছে না বলার জন্য হুমকিও দিয়েছে। বললে আমাকে মেরে ফেলার ভয় দেখাইছে।

রাজৈর থানার ওসি শাহজাহান মিয়া বলেন, বিষয়টি আমি জানি না। আমাকে কেউ জানায়নি। শিশুটির পরিবারের লোক আসলে মামলা নেয়া হবে।

নারায়ণগঞ্জ: নারায়ণগঞ্জ মহানগরের সিদ্ধিরগঞ্জ থেকে ১৬ বছরের এক কিশোরীকে চাকুরীর প্রলোভন দেখিয়ে রাজধানীর মুগদা মদিনাবাগ এলাকার একটি বাসায় নিয়ে প্রথমে ধর্ষণ এবং পরে যৌনকর্মীর পেশায় বাধ্য করানোর অভিযোগ পাওয়া গেছে।

অভিযোগ পেয়ে ঢাকার উত্তর মুগদা মদিনাবাগের একটি বাসা থেকে ওই কিশোরীকে উদ্ধার এবং হেলেনা বেগম (৪২) নামে জড়িত একজনকে গ্রেফতারকৃত করেছে সিদ্ধিরগঞ্জ থানা পুলিশ। এঘটনায় জড়িত দুইজনের নাম উল্লেখ

করে কিশোরীর দুলাভাই বাদী হয়ে থানায় মামলা দায়ের করেছে। এ চক্রের এজহারনামীয় ৭ জন পলাতক রয়েছে বলে জানিয়েছেন পুলিশ।

গ্রেফতারকৃত হেলেনা বেগম পিরোজপুর জেলার মটবাড়ীয়া থানাধীন উত্তর মিঠাখালী গ্রামের তাহের মৃধার মেয়ে এবং বাবুল সরদারের স্ত্রী। পলাতক অপর আসামী মনির হোসেন জামাল (৩৮) বরগুনার নলটোনা ইউনিয়ন পরিষদের উলা পদ্মা (বাবুগঞ্জ) গ্রামের ইউসুফের ছেলে। পলাতক মনির হোসেন জামাল ওই চক্রের মূল হোতা বলে জানিয়েছেন পুলিশ।

কিশোরীর পরিবারের বরাত দিয়ে পুলিশ জানায়, ২৫ জুন সকালে ওই কিশোরী গার্মেন্টে চাকুরীর উদ্দেশ্যে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে অবস্থিত আদমজী ইপিজেড এলাকায় যায়। সেখান থেকে বেলা ১১টায় পলাতক আসামী মনির চাকুরীর লোভ দেখিয়ে কৌশলে ওই কিশোরীকে ঢাকার উত্তর মুগদা মদিনাবাগ এলাকার আব্দুল জব্বারের ভাড়া বাসায় (৩৮/ক) নিয়ে যায়। সেখানে নিয়ে হেলেনা বেগমের সহযোগিতায় মনির কিশোরীটিকে জোরপূর্বক ধর্ষণ করে। অতঃপর হেলেনা বেগম ও মনিরের যোগসাজশে বিভিন্ন সময়ে ওই কিশোরীকে দিয়ে যৌনকর্মীর পেশায় নিয়োজিত হতে বাধ্য করে। ধর্ষিতার আত্মীয়ের অভিযোগের প্রেক্ষিতে ৪ জুলাই রাতে সিদ্ধিরগঞ্জ থানার উপ-পরিদর্শক (এসআই) শামীম হোসেন অভিযান চালিয়ে ওই বাসা থেকে কিশোরীকে উদ্ধার করে এবং চক্রের সদস্য হেলেনা বেগমকে গ্রেফতার করে।

এ বিষয়ে সিদ্ধিরগঞ্জ থানার উপ-পরিদর্শক মামলার তদন্তকারী কর্মকর্তা শামীম হোসেন জানায়, অপহরণের পর ধর্ষণ ও পরে যৌনকর্মীর পেশায় বাধ্য করানোর অভিযোগে বৃহস্পতিবার মধ্যরাতে মামলা হয়েছে। গ্রেফতারকৃত আসামী হেলেনা বেগমকে ৭দিনের রিমান্ড চেয়ে শুক্রবার দুপুরে আদালতে পাঠানো হয়েছে। গ্রেফতারকৃত হেলেনা বেগমসহ পলাতক আসামীরা একটি অপহরণকারী চক্র। এ চক্র চাকুরীপ্রার্থী মেয়েদের কৌশলে অপহরণ করে নিজেদের হেফাজতে রেখে পতিতাবৃত্তি করায় বলে গ্রেফতারকৃত হেলেনা বেগম প্রাথমিকভাবে স্বীকার করেছে।

কাউখালী (পিরোজপুর): কাউখালীতে স্কুল ছাত্রী ধর্ষনের চেষ্টার ৩ দিন পরেও মামলা না করতে পারায় মেয়েটি নিজেই ৯৯৯ তে কল করে অভিযোগ দাখিল করেন।

জানা যায়, উপজেলার বেকুটিয়ার গ্রামের শামছুনেচ্ছা বালিকা বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেনীর এক ছাত্রীকে গত সোমবার সন্ধ্যায় ঘরে একা পেয়ে প্রতিবেশি সুলতান হোসেনের ছেলে আল আমিন (২০) ধর্ষনের চেষ্টা করে। এ সময় মেয়েটির বাবা এবং মা কেউই বাসায় ছিল না। এই সুযোগে তার ঘরে গিয়ে আল আমিন মেয়েটির কাছে প্রথমে পানি চায়। পরে মেয়েটি পানি আনতে গেলে লম্পট আল আমিন ঘরের ভিতর ঢুকে ঘরের দরজা দিয়ে ধর্ষনের চেষ্টা চালায়। মেয়েটি আত্মরক্ষাতে লম্পটের হাতে কামড় দিয়ে ছুটে গিয়ে দাও হাতে নিয়ে ডাক চিৎকার দিলে প্রতিবেশিরা এগিয়ে এলে লম্পট আল আমিন ঘরের দরজা খুলে দ্রুত পালিয়ে যায়। ঘটনাটি প্রভাবশালীরা বিচারের নামে ধামাচাপা দেওয়ার জন্য মেয়ের বাবা মাকে ঘটনাটি কাউকে না জানানো এবং থানা পুলিশকে অবহিত না করার জন্য চাপ প্রয়োগ করে। পরে ঘটনার ৩ দিনও কোন সুরাহা না পেয়ে মেয়েটি আত্মহত্যার চেষ্টা করলে বাবা মায়ের অনুরোধে বিচারের আশায় বৃস্পতিবার সন্ধ্যায় মেয়ে নিজেই ৯৯৯ কল করে অভিযোগ প্রদান করেন।

পরে কাউখালী থানা পুলিশের এস আই মজিবর রহমান ঘন্টা খানেকের মধ্যে ঘটনাস্থান পরিদর্শন করে মেয়েসহ মেয়ের অভিভাবকের সাক্ষাৎকার লিপিবদ্ধ করে থানায় নিয়া আসে। শুক্রবার সকালে এ রিপোর্ট লেখা পর্যন্ত মেয়ে

এবং মেয়ের অভিভাবকদের থানা পুলিশের নিকট সাক্ষাৎকার চলছিল। এ ব্যাপারে কাউখালী থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা কামরুজ্জামান তালুকদার জানান, ঘটনার সত্যতা রয়েছে তবে যাচাই বাছাই ছাড়া মামলা নেওয়া যাচ্ছে না।

নেত্রকোনা: নেত্রকোনার কেন্দুয়া উপজেলার বাদে আঠারবাড়ী মা হওয়া (আঃ) কওমী মহিলা মাদরাসার এক শিশু ছাত্রীকে (১১) ধর্ষণ চেষ্টার অভিযোগে ওই মাদ্রাসার মুহ্তামিম মাওলানা আবুল খায়ের বেলালীকে শুক্রবার আটক করেছে পুলিশ।

পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, শুক্রবার সকালে মাদরাসার মুহ্তামিম মাওলানা আবুল খায়ের বেলালী শিশু শ্রেণির এক ছাত্রীকে তার কক্ষে ডেকে নিয়ে ধর্ষণের চেষ্টা চালায়। এ সময় শিশুটির আর্তচিৎকারে আশপাশের লোকজন ছুটে এসে মুহ্তামিমকে হাতে নাতে ধরে ফেলে। পরে স্থানীয় লোকজন মুহতামিমকে গণধোলাই দেয়। খবর পেয়ে পুলিশ অভিযুক্ত মুহ্তামিম মাওলানা আবুল খায়ের বেলালীকে আটক করে থানায় নিয়ে আসে।

কেন্দুয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাশেদুজ্জামান জানান, মাদরাসার মুহতামিম মাওলানা আবুল খায়ের বেলালীকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে শিশু ধর্ষণ চেষ্টার অভিযোগে মামলার প্রস্তুতি চলছে।

ঝালকাঠি: খাবারের সঙ্গে চেতনানাশক ঔষধ মিশিয়ে ৫ম শ্রেণীর ছাত্রীকে তুলে নিয়ে ধর্ষণের চেষ্টার অভিযোগ পাওয়া গেছে। বুধবার আনুমানিক দেড়টার দিকে সদর উপজেলার বাড়ৈয়ারা গ্রামে এ ঘটনা ঘটে। লিখিত এজাহার সূত্রে জানা গেছে, সদর উপজেলার নথুল্লাবাদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর এক মেধাবী ছাত্রীর উপর বাড়ৈয়ারা গ্রামের লম্পট রাজমনি খানের কু-দৃষ্টি পরে। কথিত লম্পট রাজমনি খান বাড়ৈয়ারা গ্রামের মোসলেম আলী খানের ছেলে।

উক্ত ছাত্রীর বাবা জানায়, বুধবার রাতে উক্ত ছাত্রীর মা, ছেলে ও মেয়ে (৫ম শ্রেনীর ছাত্রী) দের নিয়ে এক সঙ্গে রাতের খাবার খাওয়ার পর গরুর দুধ পান করেন। স্ত্রী আশংকা প্রকাশ করছেন রাতে রান্নার ঘরে থাকা গরুর দুধে অজ্ঞান করার কোন চেতনানাশক দ্রব্যাদি কেহ মিশিয়ে রাখে। দুধ পান করার পরই ওই রাতে অন্যান্য রাতের চেয়ে দ্রুত ঘুমিয়ে পরেন। রাত আনুমানিক দেড়টার দিকে আমার মেয়ে (৫ম শ্রেনীর ছাত্রী) টের পায় কেউ তার বিছানার কাছাকাছি থেকে তার শরীর স্পর্শ করছে। তখন চিৎকার দিতে গেলে মুখ চেপে ধরে উক্ত লম্পট। এমন সময় ঘরের লাইট জ্বালালে সে লম্পট রাজমনি খানকে দেখতে পায়। পরে তার মা দ্রুত তার মেয়ের কাছে আসলে দ্রুত পালিয়ে যায় উক্ত লম্পট। পরদিন তাদের বড় মেয়ে মা-বাবা ও ভুক্তভোগী ৫ম শ্রেণীর ছাত্রীকে উদ্ধার করে ঝালকাঠি সদর হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করেন। তারা চিকিৎসাধীন রয়েছেন।

অপরদিকে লম্পট রাজমনির ছোট ভাই লিমন খান হাসপাতালে গিয়ে হুমকি দিয়েছে কোন ধরনের মামলা করলে কেটে টুকরো টুকরো করে ফেলবে। বর্তমানে ঐ ভুক্তভোগি পরিবারটি নিরাপত্তাহীনতায় ভোগতেছে বলে জানা যায়।

সংসদে নারীদের জন্য সংরক্ষিত আসনে বিএনপি থেকে নির্বাচিত ব্যারিস্টার রুমিন ফারহানাকে রোববার শপথ পাঠ করান স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী ● আলোকিত বাংলাদেশ

শপথ নিলেও চলতি সংসদকে অবৈধ মনে করেন রুমিন

● নিজস্ব প্রতিবেদক

সংরক্ষিত নারী আসন থেকে নির্বাচিত বিএনপিদলীয় সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানা। রোববার শপথগ্রহণ শেষে সাংবাদিকদের দেওয়া প্রতিক্রিয়ায় তিনি চলতি সংসদকে অবৈধ বলে আখ্যায়িত করেছেন। একই সঙ্গে এ সংসদ বিলুপ্ত করে নতুন নির্বাচনেরও দাবি জানিয়েছেন।

সংসদ সচিবালয় সূত্র জানায়, স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী রোববার দুপুরে স্পিকারের সংসদ ভবনস্থ কার্যালয়ে রুমিন ফারহানাকে শপথবাক্য পাঠ করান। শপথ অনুষ্ঠানে জাতীয় সংসদের প্রধান হুইপ নূর-ই-আলম চৌধুরী, হুইপ ইকবালুর রহিম, হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপন ও সংসদ সদস্য ক্যাপ্টেন (অব.) এবি তাজুল ইসলামসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

শপথগ্রহণ শেষে সংসদ লবিতে উপস্থিত সাংবাদিকরা প্রতিক্রিয়া জানতে চাইলে এমপি রুমিন ফারহানা বলেন, প্রথমবার সংসদ সদস্য হয়ে সংসদে আসা আমার জন্য আনন্দের। তবে আমি এমন একটি সংসদে যোগ দিতে যাচ্ছি, যে সংসদটি জনগণের ভোটে নির্বাচিত না। সংসদ গঠিত হওয়ার পর থেকেই বলেছি, এটি অবৈধ সংসদ,

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৩

W:\10-06-19\Farhad\Farhad-3.doc p-12

শপথ নিলেও চলতি সংসদকে অবৈধ মনে করেন রুমিন

নিজস্ব প্রতিবেদক

সংরক্ষিত নারী আসন থেকে নির্বাচিত বিএনপি দলীয় সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানা। রোববার শপথ গ্রহণ শেষে সাংবাদিকদের দেওয়া প্রতিক্রিয়ায় তিনি চলতি সংসদকে অবৈধ বলে আখ্যায়িত করেছেন। একইসঙ্গে এই সংসদ বিলুপ্ত করে নতুন নির্বাচনেরও দাবি জানিয়েছেন।

সংসদ সচিবালয় সূত্র জানায়, স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী রোববার দুপুরে স্পিকারের সংসদ ভবনস্থ কার্যালয়ে রুমিন ফারহানাকে শপথ বাক্য পাঠ করান। শপথ অনুষ্ঠানে জাতীয় সংসদের প্রধান হুইপ নূর-ই-আলম চৌধুরী, হুইপ ইকবালুর রহিম, হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপন ও সংসদ সদস্য ক্যাপ্টেন (অব.) এ বি তাজুল ইসলামসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

শপথ গ্রহণ শেষে সংসদ লবিতে উপস্থিত সাংবাদিকরা প্রতিক্রিয়া জানতে চাইলে এমপি রুমিন ফারহানা বলেন, প্রথমবার সংসদ সদস্য হয়ে সংসদে আসা আমার জন্য আনন্দের। তবে আমি এমন একটি সংসদে যোগ দিতে যাচ্ছি যে সংসদটি জনগণের ভোটে নির্বাচিত না। সংসদ গঠিত হওয়ার পর থেকেই বলেছি, এটি অবৈধ সংসদ, এখনও দ্ব্যর্থহীন ভাষায় বলছি, এটি অবৈধ সংসদ। আমি খুব খুশি হব যদি আমার সংসদ সদস্য হবার মেয়াদ একদিনের বেশি না হয়। এটি বিলুপ্ত করে একটি অংশগ্রহণমূলক নির্বাচনের মধ্য দিয়ে দ্রুত জনপ্রতিনিধিত্বশীল একটি সরকার গঠিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আসন সংখ্যা অনুপাতে বিএনপি একটি সংরক্ষিত নারী আসন পায়। বিএনপির এমপিরা শপথ নিতে দেরি করায় দীর্ঘদিন সংরক্ষিত আসনটি শূন্য ছিল। এর আগে একাদশ সংসদ নির্বাচনে ব্রাহ্মণবাড়িয়া-২ (সরাইল-আশুগঞ্জ) আসন থেকে দলীয় মনোনয়ন চাইলেও তিনি পাননি।

হেলিকপ্টার সেবায় উবার

● আলোকিত ডেস্ক

উড়ুক্কু গাড়ি সেবা আনতে অনেক দিন ধরেই কাজ করছে উবার। এবার আকাশপথে গাড়িভিত্তিক যাত্রী সেবা শুরু না করেও লক্ষ্যের আরও কাছে এগোচ্ছে প্রতিষ্ঠানটি। হেলিকপ্টারের মাধ্যমে এ সেবা চালু করছে তারা। আপাতত সব গ্রাহকের জন্য উন্মুক্ত করা হচ্ছে না এরপর পৃষ্ঠা ১১ কলাম ৩

W:\09-06-19\Farhad\Farhad-2.doc p-12

হেলিকপ্টার সেবায় উবার

আলোকিত ডেস্ক

উড়ুক্কু গাড়ি সেবা আনতে অনেক দিন ধরেই কাজ করছে উবার। এবার আকাশ পথে গাড়িভিত্তিক যাত্রী সেবা শুরু না করেও লক্ষ্যের আরও কাছে এগোচ্ছে প্রতিষ্ঠানটি। হেলিকপ্টারের মাধ্যমে এই সেবা চালু করছে তারা।

আপাতত সব গ্রাহকের জন্য উন্মুক্ত করা হচ্ছে না 'উবার কপ্টার' নামের এই সেবা। নিউ ইয়র্ক সিটিতে ৯ জুলাই শুধু প্লাটিনাম ও ডায়মন্ড উবার সদস্যরা এই সেবার জন্য রিজার্ভেশন করতে পারবেন। লোয়ার ম্যানহাটন থেকে কুইন্স-এর জেএফকে ইন্টারন্যাশনাল এয়ারপোর্টের মধ্যে আট মিনিটের ফ্লাইট সেবা দেবে উবার কপ্টার।– খবর প্রযুক্তি সাইট সিনেটের।

উবার এলিভেটের পণ্য প্রধান নিখিল গোয়েল বলেন, একজন যাত্রীর গড় ভাড়া পড়বে ২০০ থেকে ২২৫ মার্কিন ডলার। এলিভেট অভিজ্ঞতার প্রথম বাস্তত প্রদর্শনী হবে উবার কপ্টারের মাধ্যমে। আমাদের কাছে এই সেবার বিভিন্ন দিক তুলে ধরতে এবং বাস্তব জগতের অভিজ্ঞতা দিতে আমরা উবার কপ্টার বানিয়েছে, যাতে উবার এয়ার-এর ভিত্তি ঠিক মতো বসানো যায়, বলেন উবার এলিভেট প্রধান এরিক অ্যালিসন।

অ্যাপের মাধ্যমেই এই সেবার জন্য বুকিং দেওয়া যাবে। সর্বোচ্চ পাঁচজন যাত্রীর জন্য পাঁচ দিন পর্যন্ত হেলিকপ্টার ভাড়া করা যাবে এর মাধ্যমে। আসন রিজার্ভ করার পর গ্রাহককে নিশ্চিতকরণ ইমেইল পাঠানো হবে, যা বোর্ডিং পাস হিসেবেও কাজ করবে। ব্যস্ততম সময়ে সোমবার থেকে শক্রবার পর্যন্ত এই সেবা পাওয়া যাবে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এই সেবা আনতে হেলিফ্লাইট নামের হেলিকপ্টার ভাড়ার প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করেছে উবার। ২০২৩ সালের মধ্যে আকাশযান শেয়ারিং সেবা চালু করার লক্ষ্যে এগোচ্ছে উবার।

মহাকাশে পর্যটক পাঠাবে নাসা

জনপ্রতি খরচ ৬ কোটি ডলার!

● আলোকিত ডেস্ক

মহাকাশ স্টেশন হয়ে যেতে পারে একটি হোটেল যেখানে রাত কাটাতে পারবেন পর্যটকরা। একসময় এটি ছিল অনেকের জন্য অনেক দূরের স্বপ্ন। কিন্তু সামনের বছরই এ স্বপ্ন বাস্তবে রূপ নিতে পারে।

মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা বলছে, তারা আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে পর্যটক পাঠাবে। সেখানে থাকা এবং যাওয়া-আসা, সব মিলিয়ে খরচ পড়বে পাঁচ কোটি আশি লাখ ডলার! তবে নাসা জানিয়েছে, খুব অল্প সংখ্যক পর্যটকই প্রতি বছর সেখানে যাওয়ার সুযোগ পাবেন।– খবর বিবিসি

নাসা ঘোষণা করেছে যে ২০২০ সাল হতে পর্যটকরা এবং ব্যবসায়ীরা মহাকাশে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে রাত কাটাতে পারবেন। প্রতি রাতের ভাড়া দিতে হবে ৩৫ হাজার ডলার। তবে আসল খরচ মহাকাশ স্টেশনের ভাড়া নয়। সেখানে পৌছানোর খরচটাই হচ্ছে আসল।

নাসার চিফ ফিন্যান্সিয়াল অফিসার জেফ ডেউইট বলেন, এ মুহূর্তে নাসার কোনো নভোচারী যখন আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে যান, তাদের পেছনে খরচ পড়ে আট কোটি ডলার। এখন যদি বাণিজ্যিক ভিত্তিতে নাসা সেখানে পর্যটক পাঠাতে শুরু করে, তখন গড়ে খরচ পড়বে জনপ্রতি পাঁচ কোটি আশি লাখ ডলার।

মহাকাশ স্টেশনে পৌছানোর পর সেখানে নানা ধরনের তৎপরতায় অংশ নিতে পারবেন পর্যটকরা। সেখানে তাদেরও জিরো গ্রাভিটি অর্থাৎ ওজনহীনতার অভিজ্ঞতা হবে। সেখান থেকে মহাকাশ এবং পৃথিবীর চমৎকার দৃশ্য দেখতে পাবেন এবং ব্যাডমিন্টনও হয়তো খেলতে পারবেন।

নাসা জানিয়েছে, যারা পর্যটক হিসেবে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে যাবেন, তারা সেখানে ৩০ দিন পর্যন্ত থাকতে পারবেন।

নাসা দুইটি বেসরকারি কোম্পানিকে ভাড়া করেছে পর্যটকদের মহাকাশ স্টেশনে আনা নেওয়ার জন্য। এর একটি ইলন মাস্কের 'স্পেস এক্স'। এরা তাদের ড্রাগন ক্যাপসুল ব্যবহার করবে পর্যটকদের পরিবহনের কাজে। আরেকটি হচ্ছে বোয়িং। স্টারলাইনার নামের একটি মহাকাশযান তৈরি করছে বোয়িং এ কাজে।

ধারণা করা হচ্ছে, মহাকাশ স্টেশনে কোনো পর্যটককে পৌঁছে দেওয়া এবং ফিরিয়ে আনা বাবদ ছয় কোটি ডলার ভাড়া দিতে হবে এ দুটি কোম্পানিকে।

তবে পর্যটক হিসেবে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে যাওয়ার আগে খুবই কঠোর শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে সবাইকে। নাসা এরপর পৃষ্ঠা ১১ কলাম ৩

W:\10-06-19\Farhad\Farhad-5.doc p-12

আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে পর্যটক পাঠাবে নাসা

জনপ্রতি খরচ ছয় কোটি ডলার!

আলোকিত ডেস্ক

মহাকাশ স্টেশন হয়ে যেতে পারে একটি হোটেল যেখানে রাত কাটাতে পারবেন পর্যটকরা। এক সময় এটি ছিল অনেকের জন্য অনেক দূরের স্বপ্ন। কিন্তু সামনের বছরেই এই স্বপ্ন বাস্তবে রূপ নিতে পারে।

মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা বলছে, তারা আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে পর্যটক পাঠাবে। সেখানে থাকা এবং যাওয়া-আসা, সব মিলিয়ে খরচ পড়বে পাঁচ কোটি আশি লাখ ডলার! তবে নাসা জানিয়েছে, খুব অল্প সংখ্যাক পর্যটকই প্রতি বছর সেখানে যাওয়ার সুযোগ পাবেন।– খবর বিবিসি

নাসা ঘোষণা করেছে যে ২০২০ সাল হতে পর্যটকরা এবং ব্যবসায়ীরা মহাকাশে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে রাত কাটাতে পারবেন। প্রতি রাতের ভাড়া দিতে হবে ৩৫ হাজার ডলার। তবে আসল খরচ মহাকাশ স্টেশনের ভাড়া নয়। সেখানে পৌঁছানোর খরচটাই হচ্ছে আসল।

নাসার চীফ ফিনান্সিয়াল অফিসার জেফ ডেউইট বলেন, এই মূহুর্তে নাসার কোন নভোচারী যখন আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে যান, তাদের পেছন খরচ পড়ে আট কোটি ডলার। এখন যদি বাণিজ্যিক ভিত্তিতে নাসা সেখানে পর্যটক পাঠাতে শুরু করে, তখন গড়ে খরচ পড়বে জনপ্রতি পাঁচ কোটি আশি লাখ ডলার।

মহাকাশ স্টেশনে পৌঁছানোর পর সেখানে নানা ধরণের তৎপরতায় অংশ নিতে পারবেন পর্যটকরা। সেখানে তাদের 'জিরো গ্রাভিটি' অর্থাৎ ওজনহীনতার অভিজ্ঞতা হবে। সেখান থেকে মহাকাশ এবং পৃথিবীর চমৎকার দৃশ্য দেখতে পাবেন। এবং ব্যাডমিন্টনও হয়তো খেলতে পারবেন।

নাসা জানিয়েছে, যারা পর্যটক হিসেবে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে যাবেন, তারা সেখানে তিরিশ দিন পর্যন্ত থাকতে পারবেন।

নাসা দুটি বেসরকারি কোম্পানিকে ভাড়া করেছে পর্যটকদের মহাকাশ স্টেশনে আনা নেয়ার জন্য। এর একটি ইলন মাস্কের 'স্পেস এক্স'। এরা তাদের ড্রাগন ক্যাপসুল ব্যবহার করবে পর্যটকদের পরিবহণের কাজে। আরেকটি হচ্ছে বোয়িং। স্টারলাইনার নামে একটি মহাকাশযান তৈরি করছে বোয়িং এই কাজে।

ধারণা করা হচ্ছে মহাকাশ স্টেশনে কোন পর্যটককে পৌঁছে দেয়া এবং ফিরিয়ে আনা বাবদ ছয় কোটি ডলার ভাড়া দিতে হবে এই দুটি কোম্পানিকে।

তবে পর্যটক হিসেবে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে যাওয়ার আগে খুবই কঠোর শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে সবাইকে। নাসা আশা করছে, পর্যটকদের কাছ থেকে পাওয়া অর্থ তারা মহাকাশে আরও গবেষণা এবং নতুন অভিযানে খরচ করতে পারবেন।

নাসার একজন কর্মকর্তা বিল গেরস্টেনমেইনার বলেন, নীচু কক্ষপথের বাণিজ্যিকীকরণের মাধ্যমে নাসা ২০২৪ সালের মধ্যে চাঁদে প্রথম মহিলা নভোচারী পাঠানো এবং নতুন করে চাঁদে অভিযান শুরু করার তহবিল যোগাতে পারবে। এরপর মঙ্গলগ্রহেও অভিযানের প্রস্তুতি নিতে পারবে।

৫০ বছর আগে প্রথম চাঁদে পা রেখেছিলেন নীল আর্মস্ট্রং। অর্ধশতক পর নাসা এখন মহাকাশের বাণিজ্যিকীকরণের মাধ্যমে আরেকটি বৈপ্লবিক পদক্ষেপ নিচ্ছে। যার ফলে কোটিপতিদের জন্য এখন খুলে যেতে পারে মহাকাশের দুয়ার।

দুই দশক পর পূর্ণাঙ্গ সিনেটে ঢাবি ভিসি প্যানেল নির্বাচন

ইরফান এইচ সায়েম : দীর্ঘ ২৮ বছর পর চলতি বছরের এপ্রিলে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এরই মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের সিনেটে ৫ জন ছাত্র প্রতিনিধি পেয়েছে। ফলে দুই দশকেরও বেশি সময়ের পর ১০৫ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ সিনেটে ঢাবির ভিসি প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হবে আজ (বুধবার)। এর আগে সর্বশেষ ১৯৯৩ সালে সিনেট পূর্ণাঙ্গ ছিল। ১৯৭৩ সালের অধ্যাদেশ অনুযায়ী, ঢাবির সিনেটের কাজ ভিসি নির্বাচন ও বার্ষিক বাজেট অধিবেশন করা। সিনেট তিন সদস্যের ভিসি প্যানেল নির্বাচন করে রাষ্ট্রপতির কাছে পাঠায়। রাষ্ট্রপতি এর মধ্যে থেকে একজনকে ভিসি হিসেবে নিয়োগ দেন।

সর্বশেষ, ২০১৭ সালের ২৯ জুলাই সিনেটের বিশেষ অধিবেশন ডেকে তিন সদস্যের ভিসি প্যানেল নির্বাচন করেছিলেন তৎকালীন ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। তবে তখন সিনেট পূর্ণাঙ্গ ছিল না। ওই অধিবেশনে ঢাবির ভিসি নির্বাচনের জন্য তিন সদস্যের প্যানেল অনুমোদন করেছিল **এরপর পৃষ্ঠা ২ কলাম ২**

W:\31-07-19\Farhad\Farhad-10.doc p-12

২ দশকের পর পূর্ণাঙ্গ সিনেটে ঢাবি ভিসি প্যানেল নির্বাচন

ইরফান এইচ সায়েম

দীর্ঘ ২৮ বছর পর চলতি বছরের এপ্রিলে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এরই মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের সিনেটে ৫ জন ছাত্র প্রতিনিধি পেয়েছে। ফলে দুই দশকেরও বেশি সময়ের পর ১০৫ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ সিনেটে ঢাবির ভিসি প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হবে আজ (বুধবার)। এর আগে সর্বশেষ ১৯৯৩ সালে সিনেট পূর্ণাঙ্গ ছিল। ১৯৭৩ সালের অধ্যাদেশ অনুযায়ী, ঢাবির সিনেটের কাজ ভিসি নির্বাচন

ও বার্ষিক বাজেট অধিবেশন করা। সিনেট তিন সদস্যের ভিসি প্যানেল নির্বাচন করে রাষ্ট্রপতির কাছে পাঠায়। রাষ্ট্রপতি এর মধ্যে থেকে একজনকে ভিসি হিসেবে নিয়োগ দেন।

সর্বশেষ, ২০১৭ সালের ২৯ জুলাই সিনেটের বিশেষ অধিবেশন ডেকে তিন সদস্যের ভিসি প্যানেল নির্বাচন করেছিলেন তৎকালীন ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। তবে তখন সিনেট পূর্ণাঙ্গ ছিল না। ওই অধিবেশনে ঢাবির ভিসি নির্বাচনের জন্য তিন সদস্যের প্যানেল অনুমোদন করেছিল বিশ্ববিদ্যালয়ের সিনেট। এই প্যানেলে ছিলেন, তৎকালীন ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ঢাবির কোষাধ্যক্ষ অধ্যাপক কামাল উদ্দিন এবং নীল দলের প্রাক্তন আহ্বায়ক অধ্যাপক ড. আবদুল আজিজ।

তবে সে বছরের ১০ অক্টোবর এক রিটের পরিপ্রেক্ষিতে সিনেটের সেই বিশেষ সভা ও তিন সদস্যের ভিসি প্যানেলকে অবৈধ ঘোষণা করেন উচ্চ আদালত। ছয় মাসের মধ্যে যথাযথভাবে সিনেট গঠন করে ভিসি প্যানেল নির্বাচন করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশনাও দেন আদালত। পরে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ২০১৭ সালের ৪ সেপ্টেম্বর ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে ভিসি পদে সাময়িক নিয়োগ দেন। সে সময় তিনি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসির (প্রশাসন) দায়িত্বে ছিলেন।

এই মুহূর্তে ঢাবির সিনেট পূর্ণাঙ্গ রয়েছে। প্রায় এক বছর ১১ মাসের মাথায় আজ সিনেটের বিশেষ অধিবেশন ডাকেন ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এতে তিন সদস্যের ভিসি প্যানেল নির্বাচন অনুষ্ঠিত হবে। বিকালে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সিনেটের এ অধিবেশন অনুষ্ঠিত হবে।

১৯৭৩ সালের অধ্যাদেশ এর আর্টিক্যাল ২১ (২) ধারায় অর্পিত ক্ষমতাবলে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সিনেটের এই বিশেষ অধিবেশন আহ্বান করেছেন। অধিবেশনে সভাপতিত্ব করবেন সিনেটের চেয়ারম্যান ও ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। ঢাবি আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ১১ (১) ধারা অনুযায়ী চ্যান্সেলর ও রাষ্ট্রপতি কর্তৃক ভিসি নিয়োগের জন্য তিন জনের একটি প্যানেল মনোনয়ন করা হবে। তিন সদস্যের এই প্যানেল থেকে পরবর্তী ভিসি মনোনীত করবেন রাষ্ট্রপতি।

এদিকে, সিনেটের বিশেষ এই অধিবেশনকে সামনে রেখে সরগরম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাজনীতি। অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পুনরায় ভিসি হিসেবে থাকছেন নাকি অন্য কেউ আসছেন? যেহেতু বিশ্ববিদ্যালয়ে আওয়ামী লীগপন্থী শিক্ষকদের নীল দলের একক আধিপত্য রয়েছে, তাই তাদের মধ্য হতেই নির্বাচিত হবে পরবর্তী ভিসি। নিজেদের প্যানেল নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে মঙ্গলাবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অভ্যন্তরীণ বৈঠক করেছে নীল দল। সেখানে নীল দলের শিক্ষকরা ছাড়াও রেজিস্টার্ড গ্র্যাজুয়েটেরা উপিস্থিত ছিলেন। এসময় ভোটাভুটির মাধ্যমে তাদের প্যানেল থেকে তিনজনকে মনোনীত করা হয়েছে। এরা হলেন, বর্তমান ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও শিক্ষক সমিতির সভাপতি ও নীল দলের আহ্বায়ক অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। বৈঠকে উপস্থিত এক শিক্ষক এ তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে, ১০৫ সদস্যের সিনেটে বিএনপিপন্থী শিক্ষক রয়েছেন মাত্র তিনজন। এরা হলেন-৩৫ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচনের মাধ্যমে জয়ী সাদা দলের আহ্বায়ক অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. লুৎফর রহমান এবং রেজিস্টার্ড গ্র্যাজুয়েট ২৫ জনের মধ্যে একমাত্র জয়ী বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রো-ভিসি অধ্যাপক ড. আ ফ ম ইউসুফ হায়দার।

ভিসি প্যানেল নির্বাচনের ব্যাপারে ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, পরবর্তীতে কে ভিসি হিসেবে দায়িত্ব নিবেন সেটি বড় কথা নয়। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর নিদের্শনা এবং আদালতের নির্দেশনা-এ দুই কারণেই মূলত ভিসি প্যানেল নির্বাচন। আদালতের নির্দেশনা ছিল যে, সিনেট পূর্ণাঙ্গকরণ করা। ডাকসু নির্বাচনের ফলে সেটি হয়েছে। এরপর কোনো কালক্ষেপণ করতে চাইনি আমি। তিনি বলেন, ১৯৭৩ সালের অধ্যাদেশ ধারণ করতে হলে

সে পথে আমাদের এগোতে হবে। কোনো ক্রমেই এটির ব্যত্যয় ঘটা উচিত নয়। তাই যখনই সুযোগ হলো তখনই সিনেটে ভিসি প্যানেল নির্বাচন দিয়েছি। আজ এটি অনুষ্ঠিত হবে। সেখান থেকে তিন সদস্যের ভিসি প্যানেল নির্বাচন করে রাষ্ট্রপতির কাছে পাঠানো হবে।

অধ্যাদেশের ২০(১) ধারা অনুযায়ী সিনেটের ১০৫ সদস্যের মধ্যে রয়েছেন, ভিসি, দু'জন প্রো-ভিসি, কোষাধ্যক্ষ, সরকার মনোনীত ৫ জন সরকারি কর্মকর্তা, জাতীয় সংসদের স্পিকার মনোনীত ৫ জন এমপি, চ্যান্সেলর মনোনীত ৫ জন শিক্ষাবিদ, সিন্ডিকেট মনোনীত ৫ জন গবেষক, একাডেমিক কাউন্সিল মনোনীত অধিভুক্ত কলেজের ৫ জন অধ্যক্ষ ও ১০ জন শিক্ষক, ঢাকা বোর্ডের চেয়ারম্যান, ২৫ জন নির্বাচিত রেজিস্টার্ড গ্র্যাজুয়েট, ৩৫ জন নির্বাচিত শিক্ষক প্রতিনিধি এবং ডাকসু মনোনীত ৫ জন ছাত্র প্রতিনিধি। তবে স্বাধীনতার পর থেকে ১৯৭৪, ১৯৮৫, ১৯৯৩ এবং ২০১৯-মাত্র এই চারবার সিনেট পূর্ণাঙ্গ হয়েছে। মাত্র ৩৬ জনকে নিয়ে সিনেট অধিবেশন করার নজিরও রয়েছে।

কোস্ট গার্ডের অভিযান

গাঁজাসহ মহিলা মাদক ব্যবসায়ী আটক

গোপন সংবাদের ভিত্তিতে ২৭ জুন মধ্যরাতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের অন্তর্গত বিসিজি স্টেশন কৈখালী কর্তৃক একটি বিশেষ অভিযান পরিচালনা করা হয়। ওই অভিযানের অংশ হিসেবে সাতক্ষীরা জেলার শ্যামনগর থানার পরানপুর সংলগ্ন এলাকা থেকে ৬০০ গ্রাম গাঁজাসহ একজন মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করা হয়।

উল্লেখ্য যে, ওই মাদক ব্যবসায়ী পরানপুরসহ আশপাশের এলাকাগুলোতে বিভিন্নভাবে দীর্ঘদিন ধরে মাদক পাচার করে আসছিল। আটককৃত মোছাঃ মুনরা খাতুন (৩০) সাতক্ষীরা জেলার শ্যামনগর থানার পরানপুর গ্রামের মাজেদ গাজীর মেয়ে। কোস্ট গার্ডের এখতিয়ারভুক্ত এলাকাগুলোতে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ, চোরাচালান নিয়ন্ত্রণ ও জননিরাপত্তার পাশাপাশি মাদকদ্রব্য নিয়ন্ত্রণে কোস্ট গার্ড জিরো টলারেন্স নীতি অবলম্বন করে থাকে এবং কোস্ট গার্ডের অভিযান নিয়মিত অব্যাহত থাকবে। সংবাদ বিজ্ঞপ্তি

W:\30-08-19\Farhad\Farhad-8.doc p-11

কোস্ট গার্ডের অভিযান

গাঁজাসহ মহিলা মাদক ব্যবসায়ী আটক

গোপন সংবাদের ভিত্তিতে ২৭ জুন মধ্যরাতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের অন্তর্গত বিসিজি স্টেশান কৈখালী কর্তৃক একটি বিশেষ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানের অংশ হিসাবে সাতক্ষীরা জেলার শ্যামনগর থানার পরানপুর সংলগ্ন এলাকা থেকে ৬০০ গ্রাম গাঁজাসহ একজন মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করা হয়।

উল্লেখ্য যে, উক্ত মাদক ব্যবসায়ী পরানপুরসহ আশেপাশের এলাকা সমূহে বিভিন্ন ভাবে দীর্ঘদিন ধরে মাদক পাচার করে আসছিল। আটককৃত মোছাঃ মুনিরা খাতুন (৩০) সাতক্ষীরা জেলার শ্যামনগর থানার পরানপুর গ্রামের মাজেদ গাজীর মেয়ে। কোস্ট গার্ডের এখতিয়ারভূক্ত এলাকাসমূহে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রন, চোরাচালান নিয়ন্ত্রন ও জননিরাপত্তার পাশাপাশি মাদকদ্রব্য নিয়ন্ত্রনে কোস্ট গার্ড জিরো টলারেন্স নীতি অবলম্বন করে থাকে এবং কোস্ট গার্ডের অভিযান নিয়মিত অব্যাহত থাকবে। পরবর্তীতে উদ্ধারকৃত মাদকদ্রব্য ও আটককৃত মহিলা মাদক ব্যবসায়ীকে আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য শ্যামনগর থানায় স্থানান্তর করা হয়েছে।–সংবাদ বিজ্ঞপ্তি



9/3/2019 Turnitin

Turnitin Originality Report

Processed on: 03-Sep-2019 13:14 +06
ID: 1166548248
Word Count: 2049
Submitted: 1

153-24-520 By Md. Farhad Hossan Chowdhury

Similarity Index	Similarity by Source
4%	Internet Sources: 4% Publications: 0% Student Papers: 4%

3% match (Internet from 04-Nov-2013)
http://digital.library.yale.edu/cdm/compoundobject/collection/rebooks/id/74749/rec/5

1% match (Internet from 04-Aug-2019)
http://dspace.daffodilvarsity.edu.bd:8080/handle/20.500.11948/3425

INTERNSHIP REPOET ON Submitted To Mr. Aftab Hossain Lecturer (Senior Scale) Department of Journalism & Mass Communication Faculty of Humanities and Social Science Daffodil International University Submitted By Md.Farhad Hossan Chowdhury ID: 153-24-520 Batch: 26th Department of Journalism & Mass Communication Faculty of Humanities & Social Science Daffodil International University Introduction In this book, I can include to my work place, educational institute,my work and my experience to share this book. In this book I can share my 3 months internship experience and many information to be included in this book. I can started to writing the book 29 May The writing part finished at 28 August All of my experienced and my service is properly included in this book. Some mistake in this book, please kindly avoid to my mistake. Md.Farhad Hossan Chowdhury Daffodil International University Department of Journalism and mass communication 26th batch Table Of Content SL No. Content Page No. Chapter-1: Preface 1.1 Background of the organization 9-12 1.2 What is Internship 13 1.3 Background of my Internship 13 1.4 About my supervisor 14 1.5 Duration of the Internship program 14 Chapter-2: Activities During Internship 2.1 Weekly Activities 16-19 2.2 Work place log 20 Chapter-3: Learning & Experience 3.1 Knowledge Gathering 22 3.2 Tools & Technologies used 22,23 3.3 Special Experience 23 Chapter-4: Evaluation 4.1 Academic learning & Practical work 25 4.2 Expectation & Outcome 25 4.3 Skills developed 26 4.4 Experience & Future Career 26 Chapter-5: Conclusion 5.1 SWOT Analysis 28-29 5.2 Recommendations 29 References 30 Annex 32-62 Chapter-1 Preface 1.1: Background of the organization The daily Alokito Bangladesh is a nationally renowned newspaper, an organization of Akokito Media limited of Dhaka Ahsania Mission. It's founder is Kazi Rafiqul Alam owner of Dhaka Ahsania Mission and editor of the daily Alokito Bangladesh. The journey of this Alokito Bangladesh began in 2013. The news paper was first publishedon 20th may 2013.The newspaper has a circulation of 1.5 million. It's also published in two ways. One is print version and the other is online version. This Newspaper has won the hearts of consumers in a very short time. It has published completely in bangle. Moreover, thenewspaper is published from Dhaka.The Alokito Bangladesh office is located at 15/7 green road, good luck tower. **This is the front page of The daily Alokito Bangladesh **This is the back

https://www.turnitin.com/newreport_printview.asp?eq=1&eb=1&esm=10&oid=1166548248&sid=0&n=0&m=2&svr=27&r=30.09124676624846&lang=en... 1/4

page of The daily Alokito Bangladesh Organogram of the daily Alokito Bangladesh 1.2: What is Internship? An internship is about value skills by gaining experience. Internship works to build bridge with studies. In fact, it's uses for gaining practical experiences. After graduation everyone is not so proficient in his/her subject.So, he has to standardize his academic education in any company or talented work that he has determined, after completing studies nobody can be skillful.So, internship is the training that is given to him for his experience in doing internship. 1.3: Background of my internship The reason of my intern or choice Alokito Bangladesh, it is a national newspaper. It has good reputation across the country. Moreover, it is the institution of a widely discussed Dhaka Ahsania Mission.This newspaper does not bow to injustice.It always holds the true direction to the people of the country. Also there are some special feature of this newspaper that are little bit different than others. There is a special aspect of this is the Islamic page, which is not seen in all newspaper. Besides, there are lots of facilities of this organization/institution. That's why I choose the organization. 1.4: About my Internship He is my supervisor.His name is Mohammad Morshedul Alam. He is the Joint News Editor of the Alokito Bangladesh. He is a brave journalist and so beautiful his behavior as like as character. He is very helpful person and nowdays that is rare to see. Every person has lots of thing to learn from him. He is also a very good man.He has sufficient respect for everybody in the office. 1.5: Duration of the Internship program Last 3 months I can perform internship in the daily Alokito Bangladesh. 29 May to I work 7 hours in everyday in a single week.It can be finished at 28 August. Chapter-2 Activities during Internship 2.1 List of weekly Activities 1st week (June-1 to June 7) ► I Introduced myself & everyone got Introduced. ►Get Instruction from Shift Incharge Humayun kabir Tomal & about my sector in Alokito Bangladesh. ►The 1st week was work how to copy news & how to edit. 2nd week (June-8 to June 15) ►Good Idea about editing. ►Continue news editing. ►Translated a international news. 3rd week (June-16 to June 22) ►Central desk offer. ►Continue news editing. ►Creating Weather news. 4th week (June-23 to June 28) ►Discus with joint news editor about my work. ►Continue news editing. ►Wrote a special report. 5th week (July-6 to July 12) ►press release edit. ►Continue news editing. ►Comfile news editing. 6th week (July-13 to July 19) ►Some news collect others news portal & Edit. ►2 International news edit. (India,Kashmir) ►Continue news editing. ►Comfile news editing. 7th week (July-20 to July 26) ►Some news collect others news portal & Edit. ►Some political news editing. ►Comfile news editing. ►Page makeup. 8th week (August-3 to August 8) ►Some news collect others news portal & Edit. ►Continue News Editing. ►Comfile news editing. ►Page makeup. 9th week (August-9 to August 17) ► International news editing. ►Page makeup. ►Comfile news editing. 10th week (August-21 to August 28) ►Some press release editng. ►Page makeup. ►Some Official directions from Shift Incharge. ► I talk with supervisor about my work experience. 2.2: Work place log Chapter-3 Learning & Experience 3.1: Knowledge Gathering I can perform to my internship properly at the daily Alokito Bangladesh. In this 3 months I can gather my knowledge about this institution.I can work to this paper at central desk post. Sometimes I can work at international editors part. On the other hand I can also perform at entertainment desk, religion purpose desk, business desk, Sports desk and also gather experience in this part. I work in this paper at sub-editor in central desk. In this desk i can how to collect news in this part.Bangladesh have lot of news central desk .Every site of desk i can work. Other site the news can also be include environmental news, sad news,Good news, press release now can be copy to other news portal.I can be learn about it. Every newspaper have a sub- editor. Sub-editor can be instruction how to prepare a news. Which colum can be situated which part of paper. It will be desided to sub-editor. In this part I can learn how to

makeup to the news. On the other hand, I can learn how to manage a office every member in this office to have a good relationship each other i can learn also. 3.2: Tools & Technologies used In this paper various equipment and technology can be used. In this house firstly needed internet connection. Every work in this house to be needed internet connection. Computer, UPS, Telephone, Printer etc is the important part of this office.On the other side can be included IT sector. Computer Microsoft word can be used to work. If load sheeding , we can be used UPS to supply electricity. Every sub-editor can be used telephone to solve this problem about our editing. Alokito Bangladesh can be used windows server 2012. In this divice we used E-set anti-virus system. 3.3: Special Experience I am a student of the Daffodil International University at journalism and Mass Communication.In my hon's course at 4 years I can not contact any media house. I can not know about how to work at paper office and to make a news in office. When I can join in Alokito Bangladesh. I can gather more experience about how to edit the news, how to work at this news collection in this central desk. I can join and started a news editors in this desk and 1st june first my editing news are published in Alokito Bangladesh in this day. I can pleased and special day in my life Chapter-4 Evaluation 4.1 : Academic learning & Practical work 4 years I can be finished my hon's course at journalism and mass communication. In my student life I can learn in the paper to TV channel, online news portal, Media history. Other experienced journalist life history can be also read. Other side of my country (others country), paper, news channel how to work I can be known. I can also visited Jamuna TV first time. After finished my hon's course I can work in this paper at last 3 months. Academic knowledge and practical knowledge have some different but I can gather knowledge about our academic side. I can learn about my academic knowledge how to perform headline, introduction, finishing side at serialy in my academic knowledge and page makeup setting, also learn about my academic knowledge. Practical experienced also be aoolied my academic knowledge and every site of this work are fulfill my applying our practical knowledge. 4.2 : Expectation & Outcome I had completted my hon's in journalisam. I could learn many things in my study life. When I got an opportunity as intern in the daily alokito Bangladesh , I thought academic learning and practical work may not be same. May be it will tought to accommodate. But when I started working my thinking was change.I wanted to utilize my academic knowledge in real life experience and I could done that. I gained a good experience. 4.3 : Skills developed During Working 3 months in the daily alokito bangladesh as an intern I gained a lot .i could developed my skill. As like:- 1. Compile news 2. Mourn news 3. Positive news 4. Panel news 5. Different news 6. Backtop news 7. Weather news 8. Bangle typing 9. Page makeup 4.4 : Experience & Future Career This experience will help me a lot for my future carrier. I thought this experience will be the backbone of my dream to be a great journalist. Chapter-5 Conclusion 5.1: SWOT Analysis Strengths: ? Reputable. ? Best readership. ? Strong Source. ? Have best reports. ? Everyday published update news. Weaknesses: ? Political influence. ? Office management problem. ? Not enough employers. Opportunities: ? Office place afford be onward. ? Employees afford be employed to promote news virtue. ? Facilities actual employees pleasure, afford be onward. ? Management afford be excellent. Threats: ? Loosing command for the ruling party policy. ? Onward struggle from various dailies. ? Online news abate encash of hard copies. 5.2: Recommendations Alokito Bangladesh is one of the elite news paper in our country.its circulation more over one lakh fifty thousand.due to lot of impedements this institution runs well. Some opinion about this media 1. Online should be more updated. 2. Entertainment page should be coloured 3. Update everyday e-paper 4. Enrich employes 5. Copy should be avoid 6. Saperate place of intern 7. Wage bord shoul be implement 8. Ensure

employes satisfaction References 1. https://www.google.com/search?q=Alokito+Bangladesh+logo&tbm=isch&source=iu&ictx=1&fir=VoY7hYwFhzpnPM%3A%2Co3zNzeYM9Zd8KM%2C_&vet=1&usg=AI4_-kQ3_qjFfArr4qhuKUjmfle9xqd1uw&sa=X&ved=2ahUKEwiT4Yru06nkAhWa6nMBHYwxAOoQ9QEwAXoECAcQBg#imgrc=K9mpHu2BvaPT5M:&vet=1 2. https://www.google.com/search?q=daffodil+international+university+logo&oq=Daff&aqs=chrome.1.69i57j69i59j0l4.3043j0j0&sourceid=chrome&ie=UTF-8 3. http://alokitobangladesh.com/epaper/ Page | i Page | ii Page | iii Page | iv Page | v Page | vi Page | vii Page | viii Page | ix Page | x Page | xi Page | xii Page | xiii Page | xiv Page | xv Page | xvi Page | xvii Page | xviii Page | xix Page | xx Page | xxi Page | xxii Page | xxiii Page | xxiv Page | xxv Page | xxvi Page | xxvii "©Daffodil International University"

"©Daffodil International University"